



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১৭.২০০৩.৪৬৭

তারিখঃ ০৬ মার্চ, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার),
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ ঢাকা অঞ্চলের মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনা পাট বীজ বিভাগের নিকট হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-৪১০ তারিখঃ ১৩/০২/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন ঢাকা অঞ্চলের মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সাময়িকভাবে পাট বীজ বিভাগের নিকট হস্তান্তরের জন্য অনুরোধ করা হলো:

শর্তাবলিঃ

১. সার্বিক রক্ষণাবেক্ষণ, বিদ্যুৎ, পানি গ্যাস বিলসহ অন্যান্য ইউটিলিটি ব্যয় পাট বীজ বিভাগ কর্তৃক নির্বাহ হবে;
২. জায়গার ভূমি উন্নয়ন কর, পৌরকরসহ অন্যান্য সরকারী পাওনা সংস্থার পাট বীজ বিভাগ কর্তৃক পরিশোধিত হবে;
৩. প্রয়োজনীয় মেরামত ব্যয় সংস্থার পাট বীজ বিভাগ কর্তৃক নির্বাহ হবে;
৪. সার ব্যবস্থাপনা বিভাগের প্রয়োজনে তাৎক্ষণিকভাবে গুদাম স্থাপনা ছেড়ে দিতে হবে;
৫. স্থাপনার কোনরূপ ক্ষতি সাধন করা বা অবকাঠামোগত পরিবর্তন করা যাবে না;
৬. কোন গাছ-পালা কর্তন করা যাবে না বা কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. মহাব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি, ঢাকা (আলোচ্য গুদাম ও স্থাপনা বুকে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৩. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/সার ব্যবস্থাপনা), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৪. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।